# বাংলাদেশ কৃষি ব্যাংক

মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

dcamlco@krishibank.org.bd
ফোন: ২২২৩৩৮৪৪৮৬


নং- প্রকা/আরএমডি/এ.এম.এল-৪/২০২৩-২০২৪/২৩৩৮ তাং ১৭-১২-২০২৩

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়।
০২। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

**বিষয়ঃ অনপেসিভ নামক এমএলএম কর্তৃক প্রতারণা সংঘটন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং ঃ বিএফআইইউ (সিএস)-২৩/২০২৩-২৭৮৭, তারিখঃ ১৩-১২-২০২৩ খ্রিঃ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত পত্রের আলোকে বাংলাদেশে বিভিন্ন পঞ্জি স্কিম বা মাল্টি লেভেল মার্কেটিং (এমএলএম) প্রতিষ্ঠান কর্তৃক নানান ধরণের প্রতারণার মাধ্যমে সাধারণ মানুষের বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের ঘটনা সংঘটিত হচ্ছে। সম্প্রতি অনপেসিভ (www.onpassive.com) নামক অনুরূপ একটি এমএলএম প্রতিষ্ঠানের বাংলাদেশে কার্যক্রম পরিচালনার বিষয়টি নজরে এসেছে। উল্লেখ্য, মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ অনুযায়ী প্রতারণা একটি সম্পৃক্ত অপরাধ।

০৩। অনপেসিভ বা এ ধরণের প্রতারণামূলক প্রতিষ্ঠানের বিষয়ে সচেতন থাকার উদ্দেশ্যে, পঞ্জি স্কিমে বিনিয়োগ, লেনদেন, লেনদেনে সহায়তা প্রদান ও প্রচার করে অপরাধ সংঘটন হতে বিরত থাকার জন্য জনসাধারণকে সতর্ক করতে হবে। অনপেসিভ (www.onpassive.com) বা Onpassive Technologies LLC) এর অনুকূলে কোন ধরণের ফান্ড ট্রান্সফার যাতে অত্র ব্যাংকের মাধ্যমে না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত প্রতিষ্ঠান বা তাদের কার্যক্রমের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

১৭/১২/২৩

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও ফেসবুক পেইজে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৭। নথি/মহানথি।